



গৌরব ও ঐতিহ্যে রাবির ৬৭ বছরে পদার্পণ

প্রকাশিত: ০৭ - জুলাই, ২০১৯ ১২:০০ এ. এম.

রাবি সংবাদদাতা ॥ 'শিক্ষা, শান্তি, প্রগতির ধারা আজও আমাদের সাথী, অবিরাম এই চলার ছন্দে আমরা আলোর জ্ঞাতি'র এই স্লোগান সামনে রেখে নানা অয়োজনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ৬৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। শনিবার দিনব্যাপী নানা কর্মসূচীর মধ্য দিয়ে ৬৭ বছরে পা রাখল প্রাচ্যের কেন্দ্রিজ খ্যাত দেশের দ্বিতীয় প্রাচীনতম এই বিদ্যাপীঠ। শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের শহীদ সৈয়দ নজরুল ইসলাম প্রশাসনিক ভবনের সামনে জাতীয় সংগীতের সঙ্গে পতাকা উত্তোলনের মাধ্যমে শুরু হয় ৬৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর নানা আয়োজন। পরে শহীদ তাজউদ্দীন আহমদ সিনেটের সামনে বৃক্ষরোপণ শেষে বেলুন-ফেস্টুন ও শনিবর প্রতীক পায়রা উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক এম আবুস সোবহান। উদ্বোধন শেষে র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এতে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী জাকরিয়া, অধ্যাপক আনন্দ কুমার সাহাসহ প্রশাসনের উর্ধতন কর্মকর্তারা।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিস্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্সিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com